গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০৪৪.১১.০০০৩.২৬.১৯০ | তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

**বিষয়: পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ।**

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালনার ক্ষেত্রে মিডিয়া আইন, তথ্য প্রযুক্তি আইনসহ সম্প্রচার বিষয়ক আইন বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ ০২(দুই) জন আইনজীবী নিয়োগের লক্ষ্যে আইনজীবী প্যানেল নিয়োগের পুনঃবিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক 'ইনকিলাব' পত্রিকায় এবং ইংরেজি The 'Daily Star' পত্রিকায় আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে যে কোন একদিন সকল সংস্করণে একবার ভিতরের পাতায় ৬" × ৮" কলামে এসাথে সংযোজিত পুনঃবিজ্ঞপ্তিটি হুবহু মুদ্রণ/প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

০২। পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মুদ্রণ/প্রকাশের পর ০৩(তিন) কপি পত্রিকা এবং ০৩(তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে **পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা**।

২৯/০৭/২৬

(এস.এম.আলমগীর)
সিনিয়র সহকারী সচিব

প্রাপক,

১। সম্পাদক, দৈনিক 'ইনকিলাব'
২/১, আর কে মিশন রোড, ঢাকা।

২। সম্পাদক, The 'Daily Star'
৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তির সাথে আবেদন ফরম ও পিপিআর,২০২৫ এর আওতায় প্রণীত উপযুক্ত আদর্শ দরপত্র দলিল যুক্ত করে আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এর দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। আইন কর্মকর্তার ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (আইন কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর:১৫.০০.০০০০.০০০.০৪৪.১১.০০০৩.২৬.**১৮৯**

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

## আইনজীবী নিয়োগের পুনঃবিজ্ঞপ্তি

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালনার ক্ষেত্রে মিডিয়া আইন, তথ্য প্রযুক্তি আইনসহ সম্প্রচার বিষয়ক আইন বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ ০২(দুই) জন আইনজীবী নিয়োগের লক্ষ্যে আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| | |
|---|---|
| ০১ | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় বসবাসরত হতে হবে; |
| ০২ | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স, TIN, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মামলাসমূহ পরিচালনার ক্ষেত্রে মিডিয়া আইন, তথ্য প্রযুক্তি আইনসহ সম্প্রচার বিষয়ক আইন বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ ০২(দুই) জন আইনজীবী নিয়োগের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরম এবং বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moi.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে; |
| ০৩ | আবেদনের সাথে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে; |
| ০৪ | আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; |
| ০৫ | আবেদনকারীকে হাইকোর্ট বিভাগের আইনজীবী হিসেবে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; |
| ০৬ | গণমাধ্যম, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত আইন, ডিজিটাল যোগাযোগ, তথ্য প্রযুক্তি, সাইবার ও উপাত্ত সুরক্ষা, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই), সোশ্যাল এন্ড নিউ মিডিয়া, ভিডিও কনটেন্ট (রিলস্, শর্টস) বিষয়ক আইন বিশেষজ্ঞ আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে; |
| ০৭ | সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং এক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিধিবিধান প্রযোজ্য হবে; |
| ০৮ | অন্য কোনো প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে; |
| ০৯ | আইনজীবী তালিকাভুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর হবে; |
| ১০ | পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫(পনেরো) দিনের মধ্যে অর্থাৎ আগামী ১৩ আগস্ট ২০২৬ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সরাসরি ডাকযোগে সিনিয়র সহকারী সচিব (আইন-১ শাখা) ও সদস্য সচিব, দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, কক্ষ নং-১২১০ (লিফটের-১২ তলা), ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না; |
| ১১ | কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। বেসরকারি আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১২ | আগ্রহী আবেদনকারীগণ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির ব্যাংক এর ব্যাংক হিসাব নং: বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি(বিপিপিএ), হিসাব নম্বর: ০০০২৬৩৬০০২৯৮৩, লোকাল শাখা, সোনালী ব্যাংক, ঢাকা লিঃ ৩০০/- (তিনশত) টাকা জমা প্রদান করতঃ জমা রশিদের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে; |
| ১৩ | আবেদনকারীগণ আদর্শ দরপত্র দলিলের পৃষ্ঠা ৫৭-৫৮ পর্যন্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করতঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্ধারিত আবেদন ফরম পূরণ করে সকল চাহিত সনদপত্রের কপিসহ জমা প্রদান করবেন; উল্লেখ্য, দরপত্র এবং নির্ধারিত আবেদন ফরম তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moi.gov.bd) ও বিপিপিএ'র (www.bppa.gov.bd) ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে। |

২৯/০৭/২৫

(এস.এম.আলমগীর)
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য-সচিব
দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়